

১০/৫০/১০০/- টাকার হিসাব (No Frill Accounts) পরিচালনা

অগ্রণী ব্যাংক লিমিটেড No Frill Accounts (কৃষক, 'অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান' কর্মসূচীর সুবিধাভোগী, সামাজিক নিরাপত্তা কর্মসূচীর আওতায় ভাতাভোগী, ফুড ও লাইভলিহুড সিকিউরিটি প্রকল্পের আওতায় অতি দরিদ্র উপভোগকারী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে দুঃস্থ পুনর্বাসনের লক্ষ্যে অনুদানের উপভোগকারী, ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি কর্পোরেশনের শ্রমিক, তৈরী পোষাক শিল্পে কর্মরত শ্রমিক, এলএসবিপিসি (লেদার সেক্টর বিজনেস প্রমোশন কাউন্সিল) প্রকল্পভুক্ত পাদুকা ও চামড়াজাত পণ্য প্রস্তুতকারী ক্ষুদ্র কারখানার কারিগর, ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর সুবিধাভোগী, ক্ষুদ্র জীবন বীমা পলিসি গ্রহীতা, দৃষ্টি প্রতিবন্ধীসহ সকল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য ব্যাংকিং সেবা, ল্যাকটেটিং মাদার হিসাবসহ অন্যান্য হিসাব) এর আওতায় হিসাব খোলা এবং বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন সুবিধার আওতায় ঋণ বিতরণ কর্মসূচী পরিচালনের বিষয়ে সচেতন ভূমিকা পালন করে আসছে। এরই ফলস্বরূপ অগ্রণী ব্যাংক লিমিটেড ২০১৯ সালে বাণিজ্যিক ব্যাংকসমূহের মধ্যে পথশিশুদের হিসাব খোলায় ১ম স্থান অধিকার করেছে।

পরিবেশবান্ধব অর্থায়ন এবং আর্থিক অন্তর্ভুক্তি কার্যক্রমের আওতায় বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত পুনঃঅর্থায়ন স্কীমসমূহ

- রপ্তানিমুখী শিল্পখাতের প্রযুক্তিগত উন্নয়ন সাধনকল্পে বাংলাদেশ ব্যাংক কর্তৃক Technology Development/ Up-gradation Fund নামে ১০০০ (এক হাজার) কোটি টাকার পুনঃঅর্থায়ন তহবিল
 - তহবিলের আকার : ১০০০(এক হাজার) কোটি টাকা (আবর্তনশীল)
 - পুনঃঅর্থায়ন যোগ্য কার্যক্রম/উদ্দেশ্য: আধুনিক মেশিনারিজ/প্রযুক্তি
 - সুবিধাভোগী: রপ্তানী নীতি ২০১৮-২০২১ অনুযায়ী সর্বোচ্চ অগ্রাধিকারপ্রাপ্ত এবং বিশেষ উন্নয়নমূলক ৩২(বত্রিশটি) খাত
 - গ্রাহক হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার: ব্যাংক হার (সময়ে সময়ে পরিবর্তনশীল) এর চেয়ে ১% কম+(২%-৩%)
- পরিবেশবান্ধব পণ্য/ উদ্যোগ/প্রকল্পের জন্য ৪০০.০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম
 - তহবিলের আকার : ৪০০ কোটি টাকা ।
 - পুনঃঅর্থায়ন যোগ্য কার্যক্রম/উদ্দেশ্য: আধুনিক মেশিনারিজ/প্রযুক্তি
 - সুবিধাভোগী: পরিবেশবান্ধব ৬৮ টি খাত
 - গ্রাহক হতে আদায়যোগ্য সুদ/মুনাফার হার: ৭-৮%
- Green Transformation Fund (GTF) স্কীমের আওতায় ২০০ মিলিয়ন মার্কিন ডলার এবং ২০০ মিলিয়ন ইউরোর পুনঃঅর্থায়ন তহবিল
 - USD 200 million and Euro 200 million (Revolving)
 - Financing mechanism: Fund is provided to Authorized Dealer (AD) banks for on lending/re-financing to eligible borrowers.
 - All manufacturing industrial enterprises against
 - Import of capital machinery and accessories for implementing specified green/environment friendly initiatives (including Buyer's Credit).
 - Import (only buyer's credit) of industrial raw materials in both export oriented and deem exporters.
 - BB will charge: 6-month USD LIBOR+1.00% for USD Component and Max{6-month EURIBOR, 0}+1.00% for Euro Component
 - PFI may charge: 6-month USD LIBOR+1.00%+(1%-2%) for USD Component and Max{6-month EURIBOR, 0}+1.00%+(1%-2%) for Euro Component
- ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য গঠিত পুনঃঅর্থায়ন স্কিম

- তহবিলের উৎস ও পরিমান : বাংলাদেশ ব্যাংকের নিজস্ব তহবিল; টাকা ৫০০ (পাঁচশত) কোটি যা নির্ধারিত মেয়াদের মধ্যে আবর্তনশীল।
 - স্কিমের মেয়াদ : এ স্কিমের মেয়াদ হবে ৫ (পাঁচ) বছর। তবে, প্রয়োজনে মেয়াদ বৃদ্ধি করা যাবে।
 - তফসিলি ব্যাংকসমূহ এ স্কিমের আওতায় গ্রাহকের প্রয়োজনীয়তা যাচাই সাপেক্ষে একক গ্রাহককে সর্বোচ্চ ৫ লক্ষ টাকা পর্যন্ত ঋণ সুবিধা প্রদান করতে পারবে
 - ব্যাংক কর্তৃক গ্রাহক পর্যায়ে প্রদত্ত ঋণ/বিনিয়োগের বিপরীতে সুদ/মুনাফার হার হবে বার্ষিক সর্বোচ্চ ৭%;
- ১০/৫০/১০০ টাকার হিসাবধারী প্রান্তিক/ভূমিহীন কৃষক, নিম্ন আয়ের পেশাজীবী, স্কুল ব্যাংকিং হিসাবধারী এবং ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য বাংলাদেশ ব্যাংক কর্তৃক গঠিত ক্রেডিট গ্যারান্টি স্কিম
 - নভেল করোনা ভাইরাসের কারণে ক্ষতিগ্রস্ত নিম্ন আয়ের পেশাজীবী, কৃষক ও প্রান্তিক/ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য ৩০০০.০০ কোটি টাকার পুনঃঅর্থায়ন স্কিম, ২০২০। বর্তমানে এই স্কিমের আওতায় অত্র ব্যাংকের ঋণ বিতরণ লক্ষ্যমাত্রা ৫০.০০ কোটি টাকার বিপরীতে মঞ্জুরীকৃত ঋণ ৪৮.৪৫ কোটি টাকা যা মোট লক্ষ্যমাত্রার ৯৬.৯%।